

আনিসুল হকের ভাবনায় নাগরিক টিভিতে সমাধান যাত্রা

বিনোদন প্রতিবেদক

প্রকাশিত: ০২:৫১ পি.এম, ০৭ নভেম্বর ২০১৮



অকাল প্রয়াত মেয়র আনিসুল হক মেয়র নির্বাচিত হওয়ার আগে নানা সমস্যা চিহ্নিত করে সমাধানের ডাক দিয়েছিলেন। নগরবাসী অল্পসময়ের মধ্যেই তার কিছু ফলাফলও দেখেছিলেন।

কিন্তু না ফেরার দেশে চলে যাওয়ার পরে সমস্যা চিহ্নিত করে সমাধানের কথা বলবেন কে?

আনিসুল হকের গড়া প্রতিষ্ঠান নাগরিক টিভি এবারে সমস্যা চিহ্নিত করে সমাধান যাত্রার পথ দেখাচ্ছে।

আর এই যাত্রার কাভারী নগরবিদ, পরিবেশ আন্দোলনকর্মী এবং স্থপতি ইকবাল হাবীব। তার সঙ্গে রয়েছেন আনিসুল হকের স্ত্রী, নাগরিক টেলিভিশনের ব্যবস্থাপনা পরিচালক রুবানা হক।

আগামী ১০ নভেম্বর থেকে নাগরিক টিভি পর্দায় রাত ১০টায় ইকবাল হাবীব উপস্থিত হবেন 'সমাধান যাত্রা' অনুষ্ঠানটি নিয়ে। নাগরিক স্টুডিও থেকে সরাসরি প্রচারিত এ অনুষ্ঠানে মানুষের সমস্যা নিয়ে কথা হবে। কর্তৃপক্ষ ও বিশেষজ্ঞদের কাছে সমাধান জানতে চাওয়া হবে।

শুধু সমস্যা আর অভিযোগ নয়, এই অনুষ্ঠান থেকে নেয়া হবে সমাধানের উদ্যোগ। আগামী প্রতি সপ্তাহে শনি ও রোববার রাত ১০টায় সম্প্রচারিত হবে এই অনুষ্ঠানটি।

ইকবাল হাবীব নিজের পেশার বাইরে গিয়ে প্রথমবার তিনি কোনো টেলিভিশন অনুষ্ঠান সঞ্চালনা করছেন। প্রয়াত মেয়র আনিসুল হকের সমাধান যাত্রার অন্যতম সহযোগী এই স্থপতি বলেন, 'মৃত্যু বিরতি নয়। আনিসুল হক রেখে গেছেন স্বপ্ন, চিন্তা ও কাজ। আমরা তার পরম্পরা তৈরির মঞ্চ নির্মাণের চেষ্টা করছি। তাই এবার সমাধান ছাড়া আর কোনো সমস্যার কথা নয়। আমরা সবাই যদি পক্ষ নেই সমাধানের, কোনো সমস্যাই আর সমস্যা নয়।'

সমাধান যাত্রা অনুষ্ঠানটি নিয়ে রুবানা হক বলেন, 'আনিস, আমাদের আনিসুল হক বলতেন, 'সমস্যার কথা আমরা সবসময় বলি, চাই সমাধানের আলাপ।' এটা শুধু অনুষ্ঠান নয়, পরে পরের এক হয়ে আসা। আমরা বলতে চাই, দেশ আমার, সমস্যা বাইরের কেউ এসে সমাধান করবে না। আমাদেরই করতে হবে।'